



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং-ঃ ১৪.৩২.০০০০. ৫০০.৩১.০০৩.০৩.০০২ ০২৪ ২৪৭২

তারিখঃ ২৮-১০-২০১৮।

এ্যামেচার রেডিও সার্ভিস পরীক্ষা-২০১৮ এর বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ্যামেচার রেডিও লাইসেন্স প্রদানের লক্ষ্যে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক এ্যামেচার রেডিও সার্ভিস পরীক্ষা-২০১৮ অনুষ্ঠিত হতে যাচ্ছে। পরীক্ষা সংক্রান্ত তথ্য/উপাত্ত নিম্নে ছকে বর্ণিত হলঃ

তারিখ ও বার	সময়	বিষয়	পরীক্ষার স্থান
০৮ ডিসেম্বর, ২০১৮ ; শনিবার	১১ :০০-১২ :৩০	লিখিত পরীক্ষা (নৈর্ব্যক্তিক এবং সংক্ষিপ্ত প্রশ্নাবলী) নম্বর- ১০০	প্রবেশপত্রে উল্লেখ করা হবে

সিলেবাসঃ তাত্ত্বিক পরীক্ষায় বেসিক ইলেক্ট্রনিক্স, ফাভামেন্টাল রেডিও ইঞ্জিনিয়ারিং, রেডিও রেগুলেশন, এ্যামেচার রুলস, কোডস ও ব্যবহারিক জ্ঞান ইত্যাদি বিষয়ে প্রশ্ন থাকবে।

পরীক্ষায় অগ্রহী প্রার্থীকে ন্যূনতম ১৮ বছর বয়সী এবং এ্যামেচার বেতারযন্ত্র সম্বন্ধে কারিগরী জ্ঞানসম্পন্ন বাংলাদেশী নাগরিক হতে হবে। পরীক্ষার্থীকে এ্যামেচার রেডিও সার্ভিস ২০১৮ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য চেয়ারম্যান, বিটিআরসি বরাবর আবেদন করতে হবে এবং পরীক্ষার ফি ও আনুষঙ্গিক খরচ বাবদ যে কোন তফশীল ব্যাংক থেকে ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ডিডি 'বিটিআরসি, ঢাকা' এর নামে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে যা অফেরৎযোগ্য। পরীক্ষার্থীগণ নিজ নিজ খরচে পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

পরীক্ষার্থীকে চেয়ারম্যান, বিটিআরসি বরাবর আবেদনের সাথে মূল পে-অর্ডার এবং পে-অর্ডারের তিনটি অনুলিপি, সঠিকভাবে পূরণকৃত এ্যামেচার রেডিও সার্ভিস পরীক্ষার আবেদন ফর্ম (বিটিআরসি'র ওয়েবসাইট www.btrc.gov.bd এ পাওয়া যাবে), জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ/পাসপোর্ট এর সত্যায়িত অনুলিপি, ন্যূনতম মাধ্যমিক/সমমানের পরীক্ষার সত্যায়িত সনদ সহ অন্যান্য সকল উচ্চতর শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদসমূহের অনুলিপি এবং ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সহ আবেদন করতে হবে। উল্লেখ্য যে, আবেদনের সাথে প্রদত্ত ডকুমেন্ট সমূহ ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ উল্লেখ পূর্বক আগামী ২২ নভেম্বর, ২০১৮ তারিখের মধ্যে ডাকযোগে, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বা হাতে হাতে বিকাল ০৪ (চার) ঘটিকার পূর্বে বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় পৌঁছাতে হবে। উল্লেখ্য যে, প্রবেশপত্র ডাকযোগে/ওয়েব সাইটে প্রেরণ করা হবে। পরীক্ষার ফলাফল বিটিআরসি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উল্লেখ্য যে, এ বিষয়ে এ্যামেচার রেডিও সার্ভিস পরীক্ষার আবেদন ফর্ম সহ বিস্তারিত তথ্য বিটিআরসি'র ওয়েবসাইট www.btrc.gov.bd এ পাওয়া যাবে।

 28 OCT 2018

(লেঃ কর্ণেল মোঃ আমিনুল হক, এসইউপি,এএফডব্লিউসি, পিএসসি)

পরিচালক

স্পেকট্রাম বিভাগ, বিটিআরসি।

ই-মেইল: dirms@btrc.gov.bd